৫।গ) মাঠ কীভাবে জীবনকে সতেজ এবাং প্রাণময় করে রাখে লেখো।

ডঃ মাঠ মানে বেশ খানিকটা খেলার জায়গা বা প্রান্তর, মাঠকে কেন্দ্র করে নানা ধরনের ক্রিয়াকর্ম হয়ে থাকে, যেমন-খেলাধূলা নাটক, উৎসব, মেলা ইত্যাদি এই ক্রিয়াকর্ম মধ্যেই মানুষের অগাধ আনন্দ, হল্লা, খুশি লুকিয়ে থাকে। মাঠ আমাদের মুক্ত জীবনে আনন্দ দান করে।মাঠ সবুজ প্রাণের এক চিরন্তন প্রদীপ, সজীবতা চিরন্তন।

বইয়ের কারাগারে বন্দি শিক্ষার্থীরা মাঠে এসে পায় মুক্তির স্বাদ।খেলাধূলা ছাড়া জীবনের প্রকৃত বিকাশ সম্ভব নয়।"মাঠ মানে ছুট' যে ছুট জীবনে গতি আনে, জীবনকে এগিয়ে নিয়ে যায় , সাহস জোগায়।ছোট্ট পাখির বন্ধ, খাঁচার আগল ভেঙে দিগন্তে উড়ে যাওয়ার মতো শিশু ও কিশোর মনে সাহস নিয়ে বাধা ভেঙে উড়ে চলতে থাকে। যে ছোটার শুরু হয় মাঠ থেকেই।এভাবেই মাঠ জীবনকে সবুজ , সতেজ এবং প্রাণময় করে রাখে। কবি তাই মাঠের সেই অফুরন্ত সতেজতা ও প্রানময়তাকে কবিতায় তুলে

ধরেছেন